

COVID -19 রোগে মৃতব্যক্তির মৃতদেহ দাফন/সৎকার বিষয়ক প্রণীত গাইডলাইন/SOP নতুন নির্দেশনা সমূহ
(২৪ মার্চ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক প্রকাশিত Infection Prevention and Control for the safe Management of a body in the
context of COVID-19 গাইডলাইনের আলোকে)

১। মৃতদেহ নিজ নিজ ধর্মীয় বিধি অনুযায়ী দাফন/সৎকার করা যাবে কিন্তু এ ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা জরুরী

২। COVID-19 রোগে মৃতব্যক্তির দাফনে বডি ব্যাগের ব্যবহারঃ

- সাধারণভাবে সকল সন্দেহজনক/নিশ্চিত COVID-19 রোগে মৃত ব্যক্তির দাফন/সৎকার এর জন্য বডি ব্যাগ ব্যবহার করতে হবে।
- যদি বডি ব্যাগ না পাওয়া যায় বা অপ্রতুল হয় সেক্ষেত্রে মৃতদেহ সাদা (না পাওয়া গেলে অন্য যে কোন বর্ণের) প্লাস্টিক দিয়ে মুড়িয়ে দাফন/সৎকার করা যাবে।

৩। মৃতদেহকে গোসল/তায়াম্মুম/ওজু করানোঃ

যদিও মৃতব্যক্তির কাছ থেকে অন্যব্যক্তির দেহে এই ভাইরাস সংক্রমণের কোন প্রমাণ নেই তথাপি এই অতি সংক্রমনশীল রোগ সংক্রমণের প্রতিরোধের জন্য মৃতব্যক্তির ওজু/গোসলের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়ম মেনে তা করা জরুরীঃ

- ১% সোডিয়াম হাইপোক্লোরাইট দ্রবণ/ ব্লিচিং পাউডার দ্রবণ/ সাবান পানি দ্রবণ (যেখানে যা পাওয়া যায়) স্প্রে মেশিন দিয়ে রোগীর গায়ের কাপড়ের উপর দিয়ে ছিটানোর পর রোগীর জামা-কাপড় ও আনুষঙ্গিক জিনিসপত্র খুলে Bio-hazard ব্যাগে ঢুকিয়ে নিয়ম অনুযায়ী পুড়িয়ে ফেলতে হবে। অতপর একই দ্রবণ মৃতদেহের গায়ে ছিটিয়ে প্রতিকী গোসল করাতে পারে।
- যেখানে জীবননাশক দ্রবণ অপ্রতুল সেখানে সাবান-পানি দিয়ে ভালভাবে গোসল করাতে হবে। সাবান-পানি দিয়ে ভালভাবে গোসল করলে ভাইরাস বেঁচে থাকতে পারে না। এক্ষেত্রে মৃতদেহ ধোয়ার জন্য ব্যবহৃত পানি নির্দিষ্ট গর্তে ফেলে ব্লিচিং পাউডার ছিটিয়ে অবশ্যই মাটি চাপা দিতে হবে।
- প্রয়োজনে গোসলের পরিবর্তে তায়াম্মুম করে দাফন করা যাবে।
- পরবর্তীতে মৃতদেহ বডি ব্যাগে/ প্লাস্টিকে মুড়িয়ে দাফন/সৎকার করতে হবে।

৪। দাফন/সৎকার কার্যক্রমে যুক্ত ব্যক্তিবর্গের ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (PPE) ব্যবহারঃ


- মৃতদেহ ব্যবস্থাপনা ও গোসল/তায়াম্মুমের সাথে সম্পৃক্ত সকলকে অবশ্যই নিয়ম অনুযায়ী মাস্ক, লম্বা গ্লাভস, পানি নিরোধী গাউন পরিধান করতে হবে।
- মাস্ক না পাওয়া গেলে মুখে অবশ্যই তিন লেয়ার করে রুমাল বা গামছা ব্যবহার করতে পারেন।
- গ্লাভস না পাওয়া গেলে হাতে ২/৩ স্তর বিশিষ্ট পলিবিয়োগ দিয়ে মুড়িয়ে কাজে যুক্ত হবেন এবং গাউন না থাকলে বিকল্প হিসাবে রেইনকোট বা পানি নিরোধক প্লাস্টিক দিয়ে শরীর মুড়িয়ে দাফন/সৎকার কার্যক্রমে সম্পন্ন করতে পারেন। এক্ষেত্রে সামনের দিকে যেন আবদ্ধ থাকে সেদিক খেয়াল রাখতে হবে। কোন কিছু ছিটে আসার সম্ভাবনা থাকলে মুখ পলিথিন দিয়ে কাভার করেও কাজ চালানো যেতে পারে। তবে এক্ষেত্রে খেয়াল রাখতে হবে যেন পলিথিনের পিছন দিকে অবশ্যই ছিদ্র থাকে যাতে শ্বাসপ্রশ্বাস নিতে অসুবিধা না হয়।
- গোসল/তায়াম্মুমের ক্ষেত্রে পানি ব্যবহার সীমিত রাখা বাঞ্ছনীয়।
- মৃতের গোসল শেষে সাথে সাথে সংশ্লিষ্ট সকলে সাবান দিয়ে ভালভাবে গোসল করবেন এবং তাদের পরিধেয় সকল কাপড় চোপড় ডিটারজেন্ট/সাবান পানিতে ৩০ মিনিট ভিজিয়ে রেখে পরবর্তীতে ধুয়ে ফেলতে হবে।

৫। পরিবারের সদস্যদেরকে মৃতের মুখ দেখানোঃ

- মৃতের পরিবারের সদস্যদেরকে মুখ দেখানো যাবে। তবে এক্ষেত্রে সকলকে অবশ্যই মাস্ক পরতে হবে ও কমপক্ষে ৩ ফুট দূরত্ব বাজায় রাখতে হবে। তবে কোন অবস্থাতেই মৃতদেহকে স্পর্শ করা যাবে না। বয়স্ক এবং যাদের শ্বাসকষ্ট জনিত সমস্যা রয়েছে তারা লাশ দেখা থেকে বিরত থাকবেন।

৬। দাফন/সৎকার পরবর্তী জীবানুমুক্ত করনঃ

- মৃতের চিকিৎসায় ব্যবহৃত সরঞ্জামাদি, মৃতদেহ থেকে নিঃসৃত বর্জ্য, মৃতদেহ গোসল করানোর স্থান, মৃতদেহ বহনকারী খাটিয়া/গাড়ী ইত্যাদি সংক্রমণ প্রতিরোধে বিধি অনুযায়ী ১% সোডিয়াম হাইপোক্লোরাইট/ব্লিচিং পাউডার/অবশ্যই ডিটারজেন্ট/ সাবান মিশ্রিত পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে।
- মৃতদেহ বহনের জন্য আলাদা কাপড় ব্যবহার করে ব্যবহৃত কাপড় কবরেই রেখে দিতে হবে অথবা কফিনসহ মৃতদেহ কবরস্থ করা যাবে।
- সতর্কতার সাথে দাফন/সৎকার করলে COVID-19 আক্রান্ত মৃত ব্যক্তির দেহ থেকে সংক্রমণ ছড়ায় না।



অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহা-পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।